

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোণা।

স্মারক নং- ০৫.৪৫.৭২৪০.০০০.১৪.০১৮.১৬- ৬২৪

তারিখ-০৬ জুলাই ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস, ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে "আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র তৈরী করার জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। (০৩) তিনটি গ্রুপে উপজেলার সকল স্কুল, কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলীঃ

- ভিডিওটি প্রস্তুত করে ই-মেইল/পেনড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নিবাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা -এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে।
- ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা ব্যবহার করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনের সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিওর মধ্যে প্রতিযোগির নাম, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম ও মোবাইল নম্বর দিতে হবে;
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যে কোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণায় যোগাযোগ করা যেতে পারে;

যোগাযোগ : জনাব মোঃ রাসেল আহমেদ, সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কলমাকান্দা, নেত্রকোণা।

মোবাইল নম্বরঃ ০১৭৫৪-১০৬৯৩২ ই-মেইল raselcse68@gmail.com

০৬/০৭/২০২৩

(মো: শহিদুল ইসলাম)

উপজেলা নিবাহী অফিসার (অ:দা:)

কলমাকান্দা, নেত্রকোণা